

প্রথম আলো

বেসরকারি শিক্ষকদের উদ্দেশে প্রধানমন্ত্রী বিরোধী দলের সঙ্গে যোগাযোগ রেখে আন্দোলন হচ্ছে

নিজস্ব প্রতিবেদক •

এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত বেসরকারি শিক্ষকদের সমালোচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আন্দোলনের নামে বিরোধী দলের সঙ্গে যোগাযোগ রাখবেন, তা হবে না।'

গতকাল বুধবার জাতীয় সংসদে প্রোগ্রামের পর্বে জাতীয় পার্টির হাফিজ উদ্দীন আহম্মেদের সম্পূর্ণ প্রেরণ জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষকদের আন্দোলনের দরকার নেই। আমরা জানি শিক্ষকদের কী প্রয়োজন। এ ব্যাপারে সরকার সজাগ রয়েছে।

আন্দোলনকারীদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, 'কখন, কোথায়, কতটুকু করতে হবে, সরকার সে বিষয়ে যথেষ্ট সচেতন।'

দেশের সব বেসরকারি শিক্ষা-প্রতিষ্ঠান জাতীয়তাবাদী ৪০ হাজার কোটি টাকার প্রয়োজন হবে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, '৩৬ বেতন-ভাতা দিলে তো হবে না, রাজস্বাট, পুস-কাদভাট বানানো লাগবে না? আয় বাড়ুক, ভবিষ্যতে দেখা যাবে।' প্রধানমন্ত্রী বলেন, 'এমপিওভুক্ত হতে হলে নিয়মনীতি মানতে হবে।' এরপর পৃষ্ঠা ২ কলাম ৭

যোগাযোগ রেখে আন্দোলন হচ্ছে

প্রথম পৃষ্ঠার পর কেউ ইচ্ছামতো কুল তৈরি করে এমপিওভুক্ত করার কথা বললে তা কি সম্ভব? আমরা শিক্ষকদের সম্মান করি, সুযোগ-সুবিধা দিই। ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয়ে জাতীয়করণ করা হয়েছে। এমপিওভুক্ত শিক্ষকদেরও বিভিন্ন সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে।

শেখ হাসিনা বলেন, পদ্মা সেতুর নির্মাণকাজ বর্তমান সরকারের মেয়াদকালেই শুরু করা সম্ভব হবে বলে আশা করা যায়। পিনু খানের প্রেরণ জবাবে প্রধানমন্ত্রী বলেন, সোনারিয়া গভীর সমুদ্রবন্দর কর্তৃপক্ষ ২০১২ মন্ত্রিসভা নীতিগতভাবে অনুমোদন করেছে। আর্থিক সংস্থান নিশ্চিত হলেই এর নির্মাণকাজ শুরু হবে। এ ছাড়া পটুয়াখালীর রামনাবাদে জাতীয় সমুদ্রবন্দর নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে।

নূর আউরোজ্জামান প্রেরণ জবাবে প্রধানমন্ত্রী বলেন, সরকারি স্কুলে মালয়েশিয়ায় জনশক্তি পাঠানোর কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে ইউনিয়ন ওষাৎসেবা কেন্দ্র থেকে ১৪ লাখ ৩৫ হাজার লোক অনলাইনে নিবন্ধন করেছেন। মালয়েশিয়ার মানবসম্পদ মন্ত্রণালয় থেকে প্রথম পর্যায়ে ১০ লাখ বাগানকর্মীর চাহিদা জানানো হয়েছে। শিপনির আরও ২০ হাজার কর্মীর চাহিদা পাওয়া যাবে বলে আশা করা যায়। প্রোগ্রামের আগে বিকেল সাড়ে চারটায় শিক্ষার আবদুল হামিদের সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়।

রাতে সংসদ অধিবেশন আজ বুধবার বিকেল সাড়ে চারটা পর্যন্ত মূলত বিক্রয় করা হয়।